



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

[www.jessoreboard.gov.bd](http://www.jessoreboard.gov.bd)

স্মারক সংখ্যা-বিঅ-৬/৬১৮৩/১৫

তারিখ : ৩১-০১-২০২৪ খ্রি.

বিষয় : সাময়িক বরখাস্তকৃত সহকারী শিক্ষক জনাব মোছাঃ নাজমুন নাহার (কৃষি শিক্ষা)-এর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত প্রসঙ্গে।

সূত্র : ক) গত ০৭-০৮-২০২৩ খ্রি. তারিখের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির ৮২/১তম সভার ০১ (এক) নং ক্রমিকের সিদ্ধান্ত।

খ) বাদী প্রধান শিক্ষক জনাব মুনছুর আলী-এর ০৭-০১-২০২১ খ্রি. তারিখের অনলাইন আবেদন (আইডি নং-৪২৯২)।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যশোর জেলার শার্শা উপজেলাধীন “গোগা কালিয়ানী মাধ্যমিক বিদ্যালয়” এর সাময়িক বরখাস্তকৃত সহকারী শিক্ষক জনাব মোছাঃ নাজমুন নাহার (কৃষি শিক্ষা) বিদ্যালয় কর্তৃপক্ষের নিকট হতে ছুটি অনুমোদন না করে স্বেচ্ছাচারিতামূলকভাবে দীর্ঘদিন যাবত বিদ্যালয়ে অনুপস্থিত থাকার বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক তদন্ত প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য আপনাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

অভিযোগের ছায়া কপি সংযুক্ত :

উপজেলা নির্বাহী অফিসার  
শার্শা, যশোর

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে  
স্বাক্ষরিত

(মোঃ সিরাজুল ইসলাম)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

ফোন : ০২৪৭৭৬২৭০৫

স্মারক সংখ্যা-বিঅ-৬/৬১৮৩/১৫(১-৬)

তারিখ : ৩১-০১-২০২৪ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

- ১। জেলা শিক্ষা অফিসার, যশোর।
- ২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শার্শা, যশোর।
- ৩। সভাপতি, এডহক/ম্যানেজিং কমিটি, গোগা কালিয়ানী মাধ্যমিক বিদ্যালয়, গোগা, শার্শা, যশোর।
- ৪। প্রধান শিক্ষক, গোগা কালিয়ানী মাধ্যমিক বিদ্যালয়, গোগা, শার্শা, যশোর।
- ৫। জনাব মোছাঃ নাজমুন নাহার, সাময়িক বরখাস্তকৃত সহকারী শিক্ষক, গোগা কালিয়ানী মাধ্যমিক বিদ্যালয়, গোগা, শার্শা, যশোর।
- ৬। সংরক্ষণ নথি।

  
৩১/০১/২০২৪

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

৩১/০১/২৪ যশোর



বিসমিল্লাহির রহমানির রহিম  
প্রধান শিক্ষকের কার্যালয়

## গোগা কালিয়ানী মাধ্যমিক বিদ্যালয়

ডাকঃ গোগা (কোড-৭৪৩২), উপজেলাঃ শার্শা (কোড-৪১৭), জেলাঃ যশোর (কোড-৪৬)

EIIN- 116334

বিদ্যালয়ঃ (কোড-৬১৮৩)

স্থাপিতঃ ১৯৬৭ ইং,

EMAIL: sss116334@gmail.com

এম.পি.ও কোড নং- ৫৫০৮০৮১৩০১

স্মারক নং- গোকামা/বি/শার্শা/যশোর/২০২১/০০৩

তারিখঃ- ০৭/০১/২০২১ খ্রিঃ

বরাবর,  
বিদ্যালয় পরিদর্শক,  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

বিষয়ঃ মোছাঃ নাজমুন নাহার, সহকারী শিক্ষক (কৃষি শিক্ষা) এর চূড়ান্ত বরখাস্ত করনের অনুমতিপত্র প্রদান প্রসঙ্গে।

জনাব,  
যথাবিহিত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, আপনার শিক্ষা বোর্ডের অধীনস্থ যশোর জেলার শার্শা উপজেলাধীন গোগা কালিয়ানী মাধ্যমিক বিদ্যালয়। কোর্ড নং ৬১৮৩। ইআইআইএন নং-১১৬৩৩৪ এর সহকারী শিক্ষক মোছাঃ নাজমুন নাহার (কৃষি শিক্ষা) যাহার ইনডেক্স নং-১০০০২০৫। মোবাইল নং ০১৬৮২-৪১১৫৫০। তিনি কর্তৃপক্ষের নিকট থেকে কোন প্রকার ছুটি অনুমোদন না করিয়ে স্বেচ্ছাচারিতা মূলকভাবে দীর্ঘদিন বিদ্যালয়ে অনুপস্থিত আছেন। এ প্রসঙ্গে তাঁকে শোকজ নোটিশ, পত্রিকায় বিজ্ঞপ্তি, শার্শা থানায় জিডি করা, তিন সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন, আত্মপক্ষ সমর্থন এর নোটিশ মারফৎ কর্মে যোগদান করার তাগিদ করেও কোন সাড়া মেলে নাই। তিনি আচরণ বিধি লঙ্ঘন করেছেন। প্রতিষ্ঠানের শ্রেণি পাঠদান ব্যাহত করেছেন। প্রশাসনিক কর্মকাণ্ডে বিঘ্ন ঘটান। এমতাবস্থায় তাঁকে চূড়ান্ত বহিষ্কার করার ব্যবস্থা গ্রহন প্রয়োজন।

অতএব, আপনার নিকট আকুল আবেদন প্রতিষ্ঠানের কথা বিবেচনা করে চূড়ান্ত বরখাস্তের অনুমতি প্রদানের ব্যবস্থা গ্রহনে একান্ত মর্জি হয়।

বিনীত

প্রধান শিক্ষক

গোগা কালিয়ানী মাধ্যমিক বিদ্যালয়

ডাকঃ গোগা, শার্শা, যশোর।

মোবাইলঃ ০১৯১৭৮৭৫৮৫৬